# U.G. 2nd Semester Examination - 2022

## BENGALI

## [HONOURS]

### Course Code : BAECCLBT (MIL)

### Course Title : বাংলা ভাষার ভাষিক সংযোগ

পূর্ণমান : ৫০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমানের নির্দেশক।

প্রদত্ত চারটি বিকল্পের মধ্য থেকে সঠিক বিকল্প নির্বাচন করে প্রতিটি প্রশ্নের উত্তর দাও: ২×২৫=৫০

১। কাঠামোগত দিক থেকে প্রতিবেদন -

ক) দুই প্রকার খ) তিন প্রকার

গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

২। প্রতিবেদনের সূচনা অংশের শুরুতে থাকে-

ক) খবরের তথ্যসূত্র খ) ঘটনার বিবরণ

গ) জনগণের মনে প্রতিক্রিয়া ঘ) সংবাদদাতার পরিচয়

৩। প্রতিবেদনের শিরোনাম হবে-

ক) যথাসম্ভব সংক্ষিপ্ত খ) লক্ষ্যের অভিমুখী

গ) যথাযথ ঘ) উপরের সবকটি

৪। বিশেষ কোনো বিষয়কেন্দ্রিক বা সমকালীন কোনো উল্লেখযোগ্য ঘটনা নিয়ে সংবাদপত্রে পরিবেশিত প্রতিবেদন হল-

ক) বিশেষ প্রতিবেদন

খ) সম্পাদকীয় প্রতিবেদন

[পরের পাতায়]

গ) সাক্ষাৎকার ভিত্তিক প্রতিবেদন

ঘ) বিজ্ঞানভিত্তিক প্রতিবেদন

৫। প্রতিবেদনের ক্ষেত্রে নিচের কোন্ বক্তব্যটি প্রযোজ্য নয়?

ক) প্রতিবেদন হবে নৈর্ব্যক্তিক (Objective) রচনা।

খ) প্রতিবেদন হবে পাঠকের কাছে সহজবোধ্য।

গ) প্রতিবেদন অনেকাংশে তথ্যসমৃদ্ধ রচনা।

ঘ) প্রতিবেদনের ভাষা কখনোই সাবলীল ও প্রাঞ্জল হবে না।

৬। ভাষা ও ভঙ্গির আকর্ষণীয় বৈচিত্র্য রাখতে হলে সংলাপকে হতে হবে-

ক) স্বাভাবিক ও সাবলীল খ) যথাযথ ও প্রাসঙ্গিক

গ) নাটকীয় ও শাণিত ঘ) উপরের সবকটি

৭। বাগধারা প্রকাশ করে-

ক) আক্ষরিক অর্থ খ) বিশেষ অর্থ

গ) (ক ও খ) উভয়েই ঘ) কোনোটিই নয়

৮। দীর্ঘ অভিজ্ঞতার সংক্ষিপ্ত রূপ-

ক) প্রবাদ-প্রবচন খ) বাগধারা

গ) প্রবাদ-প্রবচন ও বাগধারা ঘ) কোনটিই নয়

৯। এখন আর কিছু নেই’- রূপের দিক থেকে বাক্যটি-

ক) নির্দেশক বাক্য খ) অনুজ্ঞাবাচক বাক্য

গ) কারর্থ-কারণাত্মক বাক্য ঘ) বিস্ময়বোধক বাক্য

১০। আদেশ, অনুরোধ, উপদেশ, উপরোধ, নিষেধ করা প্রভৃতি ক্রিয়াপদ ব্যবহার করা হয় যে বাক্যে তাকে বলা হয় -

ক) অনুজ্ঞাবাচক বাক্য খ) নির্দেশক বাক্য

গ) কারর্থ-কারণাত্মক বাক্য ঘ) প্রার্থনাসূচক বাক্য

১১। ‘রাজ্য না থাকলেও রাজা বলেই মানে’। — গঠনগত দিক থেকে বাক্যটি

ক) জটিল বাক্য খ) সরল বাক্য

গ) সংযুক্ত বাক্য ঘ) মিশ্র বাক্য

১২। বাক্যে মিলিত পদসমষ্টি সংগত অর্থ প্রকাশ করলে এবং বাক্যের অর্থ ও ভাব উপলব্ধির পথে কোনোরকম বাধা না থাকলে তাকে বলে-

ক) আসত্তি খ) যোগ্যতা

গ) আকাঙ্খা ঘ) কোনোটিই নয়

১৩। যদি, যদ্যপি ইত্যাদি অব্যয় দিয়ে যে বাক্য গঠিত হয় এবং যাতে নিয়ম, শর্ত, স্বীকৃতি ইত্যাদি অর্থ প্রকাশিত হয় তাকে __________ বলে।

ক) বিস্ময়বোধক বাক্য খ) অনুজ্ঞাবাচক বাক্য

গ) কার্য-কারণাত্মক বাক্য ঘ) প্রশ্নবোধক বাক্য

১৪। নিচের কোন্ বানানটি ঠিক নয়?

ক) প্রাঙ্গণ খ) সায়াহ্ন

গ) পুণ্য ঘ) রসায়ণ

১৫। শুদ্ধ বানানটি নির্বাচন করো:

ক) শিহরণ খ) দুরাবস্থা

গ) শূণ্য ঘ) পরিবহন

১৬। শুদ্ধ বানানটি নির্বাচন করো:

ক) একাকীত্ব খ) কৃষিজীবি

গ) অব্যূঢ় ঘ) মহীরূহ

১৭। নিচের কোন্ বানানটি ঠিক নয়?

ক) ব্যত্যয় খ) দূর্বিষহ

গ) পরিষেবা ঘ) পুষ্করিণী



১৮। শুদ্ধ বানানটি নির্বাচন করো:

ক) ঋণগ্রস্ত খ) পাণিণি

গ) দীধিতী ঘ) মুঢ়

১৯। সাক্ষাৎকার’ শব্দটিতে ‘কার’ শব্দের অর্থ-

ক) যে করে খ) নির্মাতা

গ) রচয়িতা ঘ) উপরের সবকটি

২০। সাক্ষাৎকার নেওয়ার ক্ষেত্রে কোন্‌টি প্রযোজ্য নয়?

ক) প্রশ্নের ধারা ও দৈর্ঘ্য হবে যথাসম্ভব ছোট।

খ) প্রশ্নের ভাষা হবে বিনয়ী, সংক্ষিপ্ত কিন্তু ধারালো।

গ) প্রশ্নের কৌশলে উদ্দিষ্ট লক্ষ্যের প্রকাশ ঘটাতে হবে।

ঘ) ব্যক্তি বা ব্যক্তিত্ব সম্পর্কে সাক্ষাৎকারীর ধারণা ও জ্ঞান না থাকাই ভালো।

২১। সারাংশ’ শব্দটিতে ‘সার’ কথার অর্থ-

ক) মূল অংশ খ) শ্রেষ্ঠ অংশ

গ) উৎকৃষ্ট অংশ ঘ) সংক্ষিপ্ত নিষ্কর্ষ

২২। সংক্ষিপ্ত আকারে প্রকাশিত কোনো ভাবকে সম্প্রসারণ করে তোলার নাম-

ক) ভাব-সম্প্রসারণ খ) ভাব-সম্প্রসারণ ও ভাবার্থ

গ) সারাংশ ঘ) উপরের সবকটি

২৩। কোন্ সাহিত্য প্রকরণে সংলাপ আবশ্যিক-

ক) উপন্যাস খ) নাটক

গ) প্রবন্ধ ঘ) ছোটগল্প

২৪। বক্তব্য দেওয়ার ক্ষেত্রে কোন্‌টি কাম্য নয়?

ক) সমবেত সুধীজনদের প্রতি যথাযথ সম্মান প্রদান করা।

খ) বক্তব্য উপস্থাপনে শালীনতা রক্ষা করা।

গ) যুক্তি, তথ্য ও তত্ত্বের গভীরতা দ্বারা বক্তব্যের মান ধরে রাখা।

ঘ) অযথা আবেগ, উত্তেজনা প্রকাশ করা।

২৫। 'অবাস্তব কল্পনা' অর্থে যে বাগধারাটি ব্যবহৃত হয়-

ক) আষাঢ়ে গল্প খ) আকাশ কুসুম

গ) ডুমুরের ফুল ঘ) ব্যাঙের সর্দি

————————